



তথ্যবিবরণী

নম্বর: ১০৫

রাজশাহীতে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতালে আইসিইউ ইউনিট উদ্বোধন

রাজশাহী; ০৯ অগ্রহায়ণ (২৪ নভেম্বর) :

আজ রবিবার (২৪ নভেম্বর) সকালে রাজশাহীতে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউটে ৮ শয্যা বিশিষ্ট আইসিইউ ইউনিটের চিকিৎসাসেবা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন রাজশাহী বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর।

উদ্বোধন পরবর্তী আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, হৃদরোগে আক্রান্ত রোগীরা মারাত্মক মৃত্যু ঝুঁকিতে থাকেন। এটি অন্য রোগের মত নয়। তীব্রভাবে আক্রান্তরা খুব বেশি সময় পান না। রাজশাহীতে হৃদরোগীদের চিকিৎসায় ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন প্রতিষ্ঠায় যারা অবদান রেখেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, গবেষণায় দেখা যায় বিভিন্ন কারণে প্রতি পাঁচ জন তরুণের মধ্যে একজন হৃদরোগের ঝুঁকিতে রয়েছে। হৃদরোগের ঝুঁকি বাড়ে এমন খাদ্যাভাস পরিহার করতে হবে। তামাকজাত দ্রব্যাদি আমাদের হৃদরোগের ঝুঁকি বাড়ায় ও রক্তচাপ বৃদ্ধি করে। পরিমিত খাদ্যাভাস, শারীরিক পরিশ্রম, ব্যায়াম আমাদের হৃদরোগের ঝুঁকি হ্রাসে সহায়তা করে। এ হাসপাতালের উন্নয়নে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন বিভাগীয় কমিশনার।

রাজশাহী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের সভাপতি মোঃ আব্দুল মান্নান এর সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন রাজশাহীর জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, রাজশাহীর সিভিল সার্জন ডা. আবু সাইদ মোহাম্মদ ফারুক। সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট ডাইরেক্টর কাম চিফ কনসালটেন্ট ও ফাউন্ডেশনের সহ-সভাপতি অধ্যাপক ডা. মোঃ রইছ উদ্দিন, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের সহযোগী অধ্যাপক ও আইসিইউ প্রধান ও ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের নির্বাহী সদস্য ডাঃ আবু হেনা মোস্তফা কামাল।

অনুষ্ঠানে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দ, সুধীজন ও অন্যান্য অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন।

আতিক/আরিফ/আলীম/হালিম/১৬:১৫ঘ.